হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৬৩ ঃ মেহেরপুর-মঙ্গলবার ৭ অক্টোবর ২০২৫ ইং ঃ ২২ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ১৪ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




টরন্টো যাচ্ছে নাঈম-আইশা খানের সিনেমা- পৃষ্ঠা-৩




## অন্যের বাঁশবাগানের নিচে এক জীবনের শেষ প্রহর



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের শেষ প্রান্তে, এক বাঁশবাগানের ছায়াতলে ছোট্ট একটা বেড়ার ঘর। উপরে কয়েকটি জরাজীর্ণ টিন, যার ফাঁক দিয়ে রোদ-বৃষ্টি দুটোই প্রবেশ করে অবাধে। এই খুপড়ি ঘরেই কাটছে বৃদ্ধা মুগলি খাতুনের জীবনের শেষ অধ্যায় একা, অসহায়, অবহেলিত। প্রায় ১৬ বছর ধরে এই ঘরই তার পৃথিবী। না আছে নিজের জমি, না আছে কোনো স্বজনের আশ্রয়। সংসারের জিনিস বলতে কয়েকটি পুরনো বাটি-ঘটি আর ছেঁড়া কাপড়। একসময় অন্যের বাড়িতে কাজ করে

২-এর পৃষ্ঠা দেখুন



## সেনাপ্রধান গুম-খুনে অভিযুক্ত কাউকে দায়মুক্তির কথা বলেননি : আইএসপিআর

নিজস্ব প্রতিবেদক

সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনী প্রধানের একটি বক্তব্যকে বিকৃতভাবে উপস্থাপন করে বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে যা একটি উদ্দেশ্যমূলক অপপ্রচার। গতকাল সোমবার (৬ অক্টোবর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে আইএসপিআর।

আইএসপিআর জানায়, গত ৩০ সেপ্টেম্বর বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদান কার্যক্রমে নিয়োজিত সেনাবাহিনীর কার্যকলাপ আরও উন্নত ও গতিশীল করার উপায় সন্ধানে আয়োজিত একটি গবেষণা প্রতিবেদন উপস্থাপনা (স্টাডি পিরিয়ড) অনুষ্ঠানে সেনা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে করলার তিতায় ফুঠছে হাসি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গ্রামাঞ্চলে এ বছর করলার বাম্পার ফলন হয়েছে। মাঠের পর মাঠ সবুজ করলায় ভরে উঠেছে। নতুন কৃষি প্রযুক্তি মাচা ও মালচিং পদ্ধতি ব্যবহারের ফলে কম খরচে বেশি ফলন পেয়ে কৃষকের মুখে এখন হাসি। স্থানীয় কৃষকরা বলছেন, এক বিঘা জমিতে প্রায় ২০ হাজার টাকা খরচ করে ২ লাখ টাকার করলা বিক্রি করা সম্ভব হচ্ছে। ফলে করলা এখন জেলার অন্যতম লাভজনক ফসলে পরিণত হয়েছে। কৃষক খোকন শেখ জানান, "বিঘা প্রতি জমিতে করলা আবাদে খরচ হয়েছে মাত্র ২০ হাজার টাকা। ইতিমধ্যে এক বিঘা থেকে ১ লাখ টাকার করলা বিক্রি করেছি। আরও ৫০ থেকে ৬০ হাজার টাকার করলা বিক্রির আশা করছি।" কৃষক উম্মত অলী বলেন, "অন্য ফসলের জন্য আবহাওয়া খারাপ হলেও করলার জন্য এ বছর আবহাওয়া ছিল অনুকূলে। যত বেশি পানি হবে তত করলা ভালো হবে। তবে তাপমাত্রা বেড়ে গেলে ভাইরাসে আক্রান্ত হয়ে করলা নষ্ট হওয়ার আশঙ্কা থাকে।" প্রদীপ কুমার নামের আরেক কৃষক জানান, "১০ কাঠা জমিতে খরচ হয়েছে ৫ হাজার টাকার কিছু বেশি। ইতিমধ্যে ৩৫ হাজার টাকার করলা বিক্রি করেছি। আরও ৪০-৫০ হাজার টাকার করলা বিক্রির আশা করছি।" শুধু কৃষক নয়, লাভবান হচ্ছেন ব্যবসায়ীরাও। প্রতিদিন পাবনা, ঢাকা, সিলেট ও চট্টগ্রাম থেকে ব্যবসায়ীরা এসে করলা কিনে নিয়ে যাচ্ছেন। তবে ব্যবসায়ীরা অভিযোগ করেছেন, পথে পথে পুলিশি হয়রানির কারণে পরিবহনে অতিরিক্ত খরচ গুনতে হচ্ছে। পাবনার ব্যবসায়ী পলাশ মণ্ডল বলেন, "প্রতিদিন সকালে এসে মেহেরপুর থেকে করলা কিনে নিয়ে যাই।



২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শিশু-কিশোর টাইফয়েড প্রতিরোধে টিকাদান কর্মশালা

নিজস্ব প্রতিবেদক

শিশু, কিশোর ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম শীর্ষক প্রকল্পের আওতায় 'টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন ২০২৫' উপলক্ষে জেলা পর্যায়ের সাংবাদিকদের নিয়ে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার দিকে মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে শিশু নির্যা অভিযোগ

গাংনী প্রতিবেদক

গাংনীতে পঞ্চম শ্রেনীর এক শিশুকে যৌন নির্যাতন পর মিমাংসার জন্য ঐ শিশুর পরিবারকে চারদিন ধরে গৃহবন্দি করে রেখেছে আব্দুল বাকি মালিথা(৬২) নামে এক ব্যক্তি। পরে খবর পেয়ে পুলিশ গতকাল সোমবার অবরুদ্ধ ঐ পরিবারকে উদ্ধার করে ও যৌন নির্যাতন কারি আব্দুল বাকি মালিথ কে আটক করে। আটক আব্দুল বাকি মালিথা গাংনী উপজেলার ঝুড়াঘাট গ্রামের মৃত আব্দুল লতিফ মালিথার ছেলে।

যৌন নির্য়াতিতির পিতা জানান, বৃহস্পতিবারের দিন আব্দুল বাকির বাড়ির ফ্রিজে মাছ রাখতে যাই ওই শিশু। কেউ না থাকায়

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিশ্ব বসতি দিবস উপলক্ষে আলোচনা সভা ও র‌্যালি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বিশ্ব বসতি দিবস উদযাপন উপলক্ষে সোমবার সকালেই আলোচনা সভা ও র‌্যালি অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসন ও গণপূর্ত বিভাগের যৌথ উদ্যোগে গতকাল সোমবার (৬ আক্টোবর) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম। সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## এক বছরের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

খুনের চেষ্টা করার অভিযোগে মোতালেব নামক এক ব্যক্তিকে এক বছরের কারা দন্ড ও দশ হাজার টাকা অর্থদন্ডের আদেশ দিয়েছে আদালত । অর্থ দন্ড অনাদায়ে আরো ১৫ দিনের কারাদন্ডের আদেশ দিয়েছে। গতকাল সোমবার (৬ অক্টোবর) মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী-এর আদালত দন্ডবিধির ৩২৩ ধারায় এ সাজা প্রদান করেন। মামলার বিবরণে জানা যায়, আসামীর ও বাদীর মধ্যে জমিজমা সংক্রান্ত পূর্ব বিরোধ ছিল। ঘটনার সময় বাদী ফজরের নামাজের জন্য ওজু করতে বের হলে আসামীরা আগে থেকে ওৎ

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে গাঁজাসহ আটক-১

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা তেতুলবাড়িয়া সীমান্তে ১ লাখ ০২ হাজার টাকা ৭৭৫ মূল্যের ৬ কেজি ১০০ গ্রাম গাঁজাসহ বকুল হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে বিজিবি। সোমবার (০৩ অক্টোবর) দুপুরে তাকে আটক করে। আটককৃত বকুল হোসেন তেতুলবাড়িয়া গ্রামের নাজির হোসেনের ছেলে। বিজিবি সূত্রে জানা

২-এর পৃষ্ঠা দেখুন


বিস্‌মিল্লাহির রহমানির রহিম

### জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

আল-হেরা আইডিয়াল মাদ্‌রাসা, এর জন্য জরুরী ভিত্তিতে নিম্নোক্ত পদে শিক্ষক / শিক্ষিকা নিয়োগ দেওয়া হবে।

| পদের নাম | পদ সংখ্যা | যোগ্যতা | অভিজ্ঞতা | বেতন |
|---|---|---|---|---|
| সহকারি শিক্ষক আরবি ১ম ও ২য় পত্র | ৩ | অনার্স / মাস্টার্স / কামিল/ দাওরা | সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। | আলোচনা সাপেক্ষে |
| সহকারি শিক্ষক ইংরেজি | ২ | অনার্স / মাস্টার্স | সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। | আলোচনা সাপেক্ষে |
| সহকারি শিক্ষক গণিত | ২ | অনার্স / মাস্টার্স | সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। | আলোচনা সাপেক্ষে |
| সহকারি শিক্ষক বাংলা | ১ | অনার্স / মাস্টার্স | সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। | আলোচনা সাপেক্ষে |

আগ্রহী প্রার্থীকে আগামী ১৫/১০/২০২৫ ইং তারিখের মধ্যে স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে পূর্ণাঙ্গ প্রয়োজনীয় সনদপত্র সহ সরাসরি প্রতিষ্ঠানে এসে অথবা নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে হবে।

(আবেদনকারীকে অবশ্যই ইসলামী অনুশাসন মেনে চলার মানসিকতা থাকতে হবে।)

যোগাযোগ :
সভাপতি, আল-হেরা আইডিয়াল মাদ্‌রাসা,
কলেজ মোড়, মেহেরপুর।
মোবাইল নং ঃ ০১৭২৯-৩০৪৭১৫, ০১৭১৯-৪৫৬৫১০
ই-মেইলঃ alheraidealmadrasha2024@gmail.com


### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর:(এলপিজি ও পেট্রোলে বাড়ছে দুর্ঘটনার ঝুঁকি)

এলপিজি গ্যাসের কথা
বলব কিরে ভাই
গ্যাস সিলিন্ডার এখন
আমরা
মুদির দোকানে পাই।
পেট্রোল হলো বিপদজনক
থাকার কথা পাম্পে
বোতল বোঝাই পাচ্ছি এখন
ফুটপথ আর গ্রামগঞ্জে।
গ্যাস সিলিন্ডারে বড় বিপদ
খোলা জায়গায় থাকে
লাইসেন্সবিহীন ব্যবসায়ীরা
কোথায় থেকে আনে ।
তদারকির নেইকো খবর
আইন তাদের হাতে
মবিল কোর্ট বসিয়ে মাঝে
নামতে হবে মাঠে।



## বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা শিশু একাডেমির উদ্যোগে গতকাল সোমবার (৬ আক্টোবর) বিকালে জেলা শিল্পকলা একাডেমিতে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসক ড. মোগাম্মদ আবদুল ছালাম বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় অজ্ঞাত এক নারীর মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক,চুয়াডাঙ্গা

জেলার রেলস্টেশনের অদূরে পাসপোকট নামক স্থান থেকে অজ্ঞাত এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ । গতকাল সোমবার দুপুর ১২ টার দিকে জিআরপি পুলিশ লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা রেলস্টেশনে নিয়ে আসে। চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশের ( জিআরপি) ইনচার্জ এস আই জগদীশ জানান, সকাল ১০ টার দিকে খবর পেয়ে আমরা ঘটনাস্থলে আসি। খন্ড বিখন্ড এক নারীর মরদেহ রেললাইনের ধারে পড়েছিল। এই নারীর বয়স প্রায় (৭০) বছর। প্রাথমিকভাবে ধারনা করা হচ্ছে ট্রেনে কাটা পড়ে ওই নারীর মরদেহ শরীর থেকে কয়েকটি খন্ড হয়ে গেছে। কখন ট্রেনে কেটেছে তাও স্থানী

২-এর পৃষ্ঠা দেখুন

## বারাদি ইউনিয়নে বিএনপির স্মরণসভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের বারাদি ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের উদ্যোগে গতকাল রবিবার (৬ অক্টোবর ২০২৫) বিকেল পাঁচটায় বারাদি ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে প্রয়াত নেতৃবৃন্দের আত্মার মাগফেরাত কামনায় স্মরণসভা, দোয়া মাহফিল ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বারাদি ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলু। প্রধান অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল

২-এর পৃষ্ঠা দেখুন


### মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)

কোটি মানুষের পাশে

টিসিবি'র স্মার্ট ফ্যামিলি কার্ড পাওয়ার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড/পৌরসভা/ইউনিয়ন পরিষদে যোগাযোগ করুন।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুনঃ
www.tcb.gov.bd




## সাবেক মেয়রের মামলায় চারজনের জামিন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোঃ মোতাছিম বিল্লাহ মতুর দায়ের করা চাঁদাবাজি ও মানহানির মামলায় চারজন জামিন পেয়েছেন। রবিবার মেহেরপুরের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোহাঃ নাসির উদ্দিনের আদালত এই জামিন মঞ্জুর করেন। জামিনপ্রাপ্তরা হলেন আইনজীবী অ্যাড. মিজানুর রহমান, কসারীপাড়ার মৃত আছাব আলীর ছেলে মোঃ মহব্বত, বন্দর গ্রামের মৃত নূর আলীর ছেলে মোঃ ঝন্টু এবং পুরাতন পোস্ট অফিসপাড়ার মৃত তমাল খাঁর ছেলে মোঃ মিঠন। মামলার নথি

২-এর পৃষ্ঠা দেখুন



## নারী উদ্যোক্তা প্রশিক্ষণ ভাতা বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের আওতায় ২৪-২৫ অর্থবছরের প্রশিক্ষণ ভাতা বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বিউটিফিকেশন, ক্যাটারিং, ফ্যাশন ডিজাইন, ইন্টেরিয়র ডিজাইন ও ইভেন্ট ম্যানেজমেন্টের তৃতীয় ও

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ মঙ্গলবার ॥ ২২ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ৭ অক্টোবর ২০২৫ইং

# জুলাই সনদ বাস্তবায়নে গণভোটে রাজনৈতিক ঐকমত্য

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের ক্ষেত্রে গণভোট আয়োজনের বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য গড়ে উঠেছে। তবে গণভোট কবে অনুষ্ঠিত হবেড় সে বিষয়ে এখনও ভিন্নমত রয়েছে। রবিবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে জাতীয় ঐকমত্য কমিশনের সংলাপের চূড়ান্ত পর্বের প্রথম দিনে বিএনপি, জামায়াতে ইসলামী, এনসিপি ও অন্যান্য রাজনৈতিক দল নিজেদের অবস্থান স্পষ্ট করে। এর আগে যমুনায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে কমিশনের বৈঠক হয়। বিএনপি আগের অবস্থান থেকে সরে এসে কমিশনের প্রস্তাব অনুযায়ী সংসদ নির্বাচনের দিনই গণভোট আয়োজনের বিষয়ে সম্মতি দিয়েছে। দলটি সংবিধানের ১০৬ অনুচ্ছেদ অনুযায়ী সুপ্রিম কোর্টের মতামত নেওয়ার প্রস্তাব থেকেও সরে এসেছে। অন্যদিকে জামায়াত নির্বাচনের আগেড় নভেম্বর বা ডিসেম্বরেইড় গণভোট আয়োজনের দাবি জানিয়েছে। তবে তারা জানিয়েছে, আলোচনার মাধ্যমে নির্বাচন ও গণভোট একই দিনে করাও সম্ভব। এনসিপি ও জামায়াত উভয়ই ৮৪টি সংস্কারপ্রস্তাবের ওপর 'হ্যাঁনা' ধাঁচে সরাসরি প্রশ্ন চায়। বিএনপি বলছে, যেসব সংস্কারে দলগুলোর আপত্তি রয়েছে, সেগুলো বাস্তবায়নের এখতিয়ার নির্বাচনে জয়ী সংসদের হাতে থাকবে। সংলাপে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, সংবিধান না বদলে 'জুলাই সনদ বাস্তবায়ন অধ্যাদেশ' জারি করেই গণভোট আয়োজন করা সম্ভব। তার মতে, সংবিধানে কোথাও বলা নেই যে জাতীয় ইস্যুতে গণভোট করা যাবে না। গণভোটে জনগণ সনদ অনুমোদন করলে, পরবর্তী সংসদ সংবিধান সংস্কারের ক্ষমতা পাবে। জামায়াতের প্রতিনিধি অ্যাডভোকেট শিশির মনির এর বিরোধিতা করে বলেন, সংবিধানের ১৪২ অনুচ্ছেদ স্পর্শ না করে সাংবিধানিক সংস্কার সম্ভব নয়। তিনি সাংবিধানিক আদেশের মাধ্যমে নির্বাচনের আগেই সনদ কার্যকরের প্রস্তাব দেন। এ প্রস্তাবে বিএনপি আপত্তি জানায়। এনসিপির জাভেদ রাসিন বলেন, সমঝোতার জন্য আদেশের নাম 'সাংবিধানিক আদেশ' না হয়ে 'জুলাই সনদ বাস্তবায়ন আদেশ' বা 'রেফারেন্ডাম অধ্যাদেশ' হতে পারে। জামায়াত ও এনসিপি বলেছে, নোট অব ডিসেন্টসহ (আপত্তি সংবলিত) গণভোট সম্ভব নয়। তাদের মতে, জনগণের অভিপ্রায় রাজনৈতিক আপত্তির চেয়ে বড়। কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, সনদ বাস্তবায়নে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে গণভোটের ব্যাপারে সব দল একমত হয়েছে। এটি বড় অগ্রগতি। তিনি জানান, আসন্ন নির্বাচনে গঠিত সংসদকে সাংবিধানিক সংস্কারের এখতিয়ার দিতে হবেড় এ নিয়েও ঐকমত্য হয়েছে। কমিশন আগামী ১৫ অক্টোবরের মধ্যে সুপারিশ চূড়ান্ত

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## গর্ভাবস্থায় কাঁচা কলা খাওয়া কি নিরাপদ?

সূর্যোদয় প্রতিবেদন

গর্ভাবস্থা একজন নারীর জীবনে গুরুত্বপূর্ণ সময়। এসময় সব ধরনের ফল ও সবজি খাওয়া নিরাপদ নয়। খাবারও খেতে হয় খুব বুঝে শুনে। প্রশ্ন হলো- গর্ভাবস্থায় কাঁচা কলা খাওয়া কি নিরাপদ? পুষ্টিবিদরা মনে করেন, গর্ভাবস্থায় কাঁচা কলা খাওয়া যাবে। এবং এটি এ সময়ের জন্য নিরাপদ সবজি। কাঁচা কলায় প্রচুর পটাশিয়াম থাকে, যা ইলেকট্রোলাইটের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে, একইসঙ্গে স্নায়ু ও পেশী সঞ্চালনে সহায়তা করে। এছাড়া গর্ভবতী নারীর আয়রনের চাহিদা পূরণেও সহায়তা করে কাঁচা কলা। গর্ভাবস্থা ও অন্যান্য সময়ে রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করে কাঁচা কলা। কারণ কাঁচা কলা আঁশযুক্ত; আর তাই এটি রক্তে শর্করার পরিমাণ নিয়ন্ত্রণ করে। এছাড়া ভিটামিন বি৬ গ্লুকোজ নিয়ন্ত্রণ করে টাইপ-টু ডায়াবেটিস প্রতিরোধেও সাহায্য করে কাঁচা কলা। হৃদরোগের ঝুঁকি হ্রাস করতেও কাঁচা কলার জুড়ি নেই। কারণ এতে প্রচুর পরিমাণে পটাশিয়াম রয়েছে। আর পটাশিয়াম হৃদরোগের ঝুঁকি হ্রাস করে। উচ্চ রক্তচাপ ও কিডনির রোগে আক্রান্ত রোগীদের জন্য পটাসিয়াম গ্রহণ নিরাপদ নয়।

৩-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতে ইসলামী আমঝুপি ইউনিয়নে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার (৬ আক্টোবর) বিকাল ৫টায় আমঝুপি গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ কর্মসূচি সম্পন্ন হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলার আমীর সোহেল রানা, ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, সদরের সভাপতি আবুল হোসেন, আমঝুপি ইউনিয়নের আমীর মহসিন আলী ও সেক্রেটারী রকিবুল আলম মুক্ত

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনী প্রচারে নামছেন খালেদা জিয়া, আসছে বুলেটপ্রুফ মিনিবাস

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মাঠে নামার প্রস্তুতি নিচ্ছেন বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। দীর্ঘ এক দশক পর তিনি সরাসরি নির্বাচনী প্রচারণায় অংশ নিতে পারেন বলে দলীয় সূত্রে জানা গেছে। বিএনপির একাধিক সূত্র জানিয়েছে, খালেদা জিয়ার নির্বাচনী সফরের জন্য জাপান থেকে বিশেষভাবে তৈরি একটি বুলেটপ্রুফ মিনিবাস আনা হচ্ছে। তার স্বাস্থ্য ও নিরাপত্তা বিবেচনায় যানটি কাস্টম ডিজাইনে প্রস্তুত করা হয়েছে। রোববার (৫ অক্টোবর) বিএনপির পক্ষ থেকে যানটির আমদানির অনুমোদনের জন্য প্রয়োজনীয় নথি সরকারের সংশ্লিষ্ট দপ্তরে জমা দেওয়া হয়েছে। দলীয় সূত্রে আরও জানা গেছে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের

৩-এর পৃষ্ঠা দেখুন




## নির্বাচন ভালো না হওয়ার কোনো সুযোগ নেই: সিইসি নাসির উদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ভালো না হওয়ার কোনো সুযোগ নেই বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। তিনি বলেন, "এই নির্বাচনটা ফ্রি, ফেয়ার ও অংশগ্রহণমূলক হতে হবে। জাতি হিসেবে আমাদের কাছে নির্বাচন ভালো না হওয়ার কোনো সুযোগ নেই। সবাই মিলে কাজ করতে হবেড় ইলেকশন কমিশনের পক্ষে এককভাবে সব সামাল দেওয়া সম্ভব নয়।" সোমবার (৬ অক্টোবর) বিকেল পৌনে ৩টায় রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে প্রিন্ট ও অনলাইন গণমাধ্যমের সাংবাদিকদের সঙ্গে সংলাপের সূচনালগ্নে তিনি এসব কথা বলেন। সংলাপে সাংবাদিকদের ভূমিকার প্রশংসা করে সিইসি বলেন, "আপনারা ওপিনিয়ন মেকিংয়ের কারিগর। সেই সুযোগটা আমরা নিতে চাই। সাংবাদিকরা যদি

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিসিবি নির্বাচনে জয়ী হলেন যারা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচনের ফলাফল প্রকাশিত হয়েছে। এতে ৩টি ক্যাটাগরিতে ২৩ জন পরিচালক নির্বাচিত হয়েছেন। এই নির্বাচনে ক্যাটাগরি-১ অর্থাৎ জেলা ও বিভাগ কোটায় নির্বাচিত হয়েছেন ১০ জন, ক্যাটাগরি-২ বা ঢাকার ক্লাব ক্যাটাগরি থেকে নির্বাচিত হয়েছেন ১২ জন। ক্যাটাগরি-৩ অর্থাৎ সাবেক ক্রিকেটার এবং বিভিন্ন সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোটা থেকে নির্বাচিত হয়েছেন ১ জন। যদিও বিসিবি নির্বাচন ঘিরে আগে থেকেই নাটকীয় ছিল। বয়কট, পাল্টাপাল্টি অভিযোগ এবং শেষ মুহূর্তের প্রার্থিতা প্রত্যাহারের মতো ঘটনা ঘটেছে নির্বাচন ঘিরে। অবশেষে আজ সোমবার সকালে শুরু হয় ভোগগ্রহণ। সন্ধ্যা ৬টায় ফলাফল ঘোষণা হয়। নির্বাচিতদের তালিকা: এনএসসি কোটা থেকে নির্বাচিত হয়েছেন- এম ইসফাক আহসান

৩-এর পৃষ্ঠা দেখুন




## গণভোট ও পিআর দাবিতে জাতি আবারও বিভক্ত হচ্ছে: সালাহউদ্দিন আহমদ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে গণভোট ও প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) ব্যবস্থার দাবিতে জাতি বিভক্ত হচ্ছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। সোমবার (৬ অক্টোবর) দুপুরে জাতীয় প্রেসক্লাবে নাগরিক যুব ঐক্য আয়োজিত 'আগামী নির্বাচন গ্রহণযোগ্য করার চ্যালেঞ্জ ও সম্ভাবনা' শীর্ষক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। সালাহউদ্দিন আহমদ বলেন, "নির্বাচনের আগে গণভোট ও পিআরের দাবিতে জাতিকে বিভক্ত করা হচ্ছেড়এটাই এখন নির্বাচনী চ্যালেঞ্জ। জুলাই সনদ বাস্তবায়নে জনগণের রায় নেওয়ার বিষয়ে রাজনৈতিক দলগুলো প্রায় একমত হলেও কেউ কেউ বলছেন, আগে গণভোট করতে হবে। যারা নির্বাচন বিলম্বিত করতে চায়, তারাই

৩-এর পৃষ্ঠা দেখুন



## হাসিনাকে ফেরত দেওয়া নিয়ে যা বললেন ভারতের পররাষ্ট্র সচিব

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফেরত পাঠানোর বিষয়ে ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি বলেছেন, এটি একটি আইনি ও বিচারিক প্রক্রিয়া, তাই এ বিষয়ে এই মুহূর্তে বিস্তারিত কিছু বলা সমীচীন নয়। সোমবার (৬ অক্টোবর) সকালে নয়াদিল্লির সাউথ ব্লকে বাংলাদেশি সাংবাদিক সংগঠন ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস

৩-এর পৃষ্ঠা দেখুন

## আফগান কোচের স্বীকারোক্তি, 'আমরা এশিয়ার দ্বিতীয় সেরা দল নই'

সূর্যোদয় প্রতিবেদন

মাঠের দাপুটে পারফরম্যান্সের পর সংবাদ সম্মেলনেও বিজয়ীর বেশে রইল বাংলাদেশ। সিরিজের শেষ টি-টোয়েন্টিতে আফগানিস্তানকে ৬ উইকেটে উড়িয়ে দিয়ে ৩-০ ব্যবধানে হোয়াইটওয়াশ করেছে টাইগাররা। এমন ভরাডুবির পর আফগানিস্তানের কোচ জোনাথন ট্রট অকপটে স্বীকার করে নিলেন, গণমাধ্যমে প্রচলিত 'এশিয়ার দ্বিতীয় সেরা দল'-এর তকমাটি বর্তমানে তাদের জন্য প্রযোজ্য নয়। সোমবার শারজাহতে সিরিজের শেষ ম্যাচে টস হেরে ব্যাট করতে নেমে বাংলাদেশের

৩-এর পৃষ্ঠা দেখুন




## যে কমিশন প্রতীক দিতে পারে না, তারা সুষ্ঠু ভোটও করতে পারবে না

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, যে নির্বাচন কমিশন কোনো দলের জন্য নির্দিষ্ট প্রতীক বরাদ্দ দিতে সক্ষম নয়, সে কমিশন সুষ্ঠু নির্বাচনও করতে পারবে না। তিনি বলেন, আইনি কোনো বাধা নেই, তাই কমিশনকে এনসিপির

৩-এর পৃষ্ঠা দেখুন

## শান্তির চেষ্টার মধ্যেই গাজায় ইসরায়েলের তীব্র হামলা

সূর্যোদয় প্রতিবেদন

গাজা উপত্যকায় যুদ্ধবিরতির প্রত্যাশার মধ্যেও ইসরায়েলের হামলা থামছে না। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ২০ দফা গাজা শান্তি পরিকল্পনায় হামাসের সম্মতির পরও দখলদার বাহিনী গতকাল রোববারও গাজার বিভিন্ন এলাকায় ভয়াবহ বোমাবর্ষণ চালিয়েছে। এতে বহু ঘরবাড়ি ধ্বংসস্তূপে পরিণত হয়েছে, আহত ও নিহত হয়েছেন বহু সাধারণ মানুষ। গাজার রাস্তায় এখন হাজারো বাস্তুচ্যুত মানুষের অসহনীয় দুর্ভোগ। প্রত্যক্ষদর্শীদের বরাতে আলজাজিরা ও রয়টার্স

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- 100 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## গুগলকে টেক্কা দেওয়ার লক্ষ্য ওপেনএআইয়ের

সূর্যোদয় প্রতিবেদন

কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক সার্চ সেবা চ্যাটজিপিটি সার্চ-এ বড় ধরনের পরিবর্তন এনেছে ওপেনএআই। নতুন আপডেটের ফলে ব্যবহারকারীরা ওয়েবসাইটের লিংক সংক্ষেপে দেখতে পারবেন এবং চাইলে সরাসরি সেই লিংকের ওয়েবসাইটে প্রবেশ করতে পারবেন। এর ফলে চ্যাটজিপিটি সার্চের নির্ভুলতা এবং নির্ভরযোগ্যতা আগের তুলনায় উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ওপেনএআই জানিয়েছে, নতুন ফিচারের মাধ্যমে ভ্রান্ত তথ্য প্রদর্শনের সম্ভাবনা অনেক কমে গেছে। ব্যবহারকারীরা এখন আরও মানসম্মত, প্রাসঙ্গিক ও নির্ভরযোগ্য উত্তর পেতে সক্ষম। কেনাকাটার ক্ষেত্রে




সুবিধাটি বিশেষভাবে কার্যকর হয়েছে। পণ্য অনুসন্ধানের সময় সংশ্লিষ্ট তথ্য প্রদর্শিত হবে, আর অপ্রাসঙ্গিক বিষয় উপস্থাপন করা হবে না।

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ৭ অক্টোবর ২০২৫ ইং

## লাইসেন্সবিহীন গ্যাস ও পেট্রল বিক্রি অগ্নিবিপদে মেহেরপুর

মেহেরপুর শহর ও আশপাশের বাজারগুলোতে অনুমোদনবিহীনভাবে এলপিজি সিলিন্ডার ও পেট্রল বিক্রি এখন এক ভয়াবহ বাস্তবতায় পরিণত হয়েছে। মুদি দোকান, ফার্মেসি, হোটেল, এমনকি শিক্ষাপ্রতিষ্ঠানের আশপাশেও সারি সারি গ্যাস সিলিন্ডার দেখা যায়। ফুটপাতেও সাজানো থাকে দাহ্য পদার্থ,যা যে কোনো মুহূর্তে ভয়ংকর দুর্ঘটনার জন্ম দিতে পারে। নিয়ম অনুযায়ী, এলপিজি বিক্রি বা মজুত করতে হলে ফায়ার সার্ভিস, বিস্ফোরক পরিদপ্তর ও পরিবেশ অধিদপ্তরের অনুমোদন থাকা বাধ্যতামূলক। অথচ মেহেরপুরে প্রায় ৪০০টিরও বেশি প্রতিষ্ঠান এই ব্যবসা করছে, যার মধ্যে বৈধ লাইসেন্সধারী মাত্র ৩৩টি। বাকিরা আইনের তোয়াক্কা না করে ঝুঁকি তৈরি করছে মানুষের প্রাণ ও সম্পদের জন্য। এলপিজি বা পেট্রোল দুইই অত্যন্ত দাহ্য পদার্থ। সামান্য অসাবধানতাও বড় ধরনের বিস্ফোরণ ঘটাতে পারে। কিন্তু এসব দোকানের অধিকাংশেই নেই নিরাপত্তা ব্যবস্থা, নেই কার্যকর অগ্নিনির্বাপক যন্ত্র। অনেক ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ যন্ত্র ঝুলে আছে শুধু আনুষ্ঠানিকতার জন্য। প্রশাসন ও নিয়ন্ত্রক সংস্থার ব্যর্থতা এখানেই প্রশ্নবিদ্ধ। জনবল সংকটের অজুহাতে দায় এড়ানো যাবে না। জননিরাপত্তা রক্ষায় স্থানীয় প্রশাসন, ফায়ার সার্ভিস ও বিস্ফোরক পরিদপ্তরকে এখনই যৌথভাবে মাঠে নামতে হবে। নিয়মিত অভিযান, কঠোর জরিমানা ও জনসচেতনতা বাড়ানোর পদক্ষেপ নিতে হবে জরুরি ভিত্তিতে। একটি ছোট শহরে একটি সিলিন্ডার বিস্ফোরণের ভয়াবহতা কল্পনা করলেই বোঝা যায়ড়এই উদাসীনতা কত বড় বিপর্যয় ডেকে আনতে পারে। এখনই যদি ব্যবস্থা না নেওয়া হয়, কোনো একদিন হয়তো খবরের শিরোনাম হবে "লাইসেন্সবিহীন গ্যাস দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রাণহানি।" জননিরাপত্তার প্রশ্নে শিথিলতার কোনো সুযোগ নেই। এখনই কঠোর পদক্ষেপ নিতে হবেড়আগুন লাগার আগে।

## মেহেরপুরে করলার

(প্রথম পৃষ্টার পর)

পুলিশি হয়রানি থেকে মুক্তি পেলে আরও লাভবান হতাম।" ব্যবসায়ী আলমি মিয়া বলেন, "তুলনামূলকভাবে এবার লাভ ভালো হয়েছে।" মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. শামসুল আলম বলেন, "চলতি মৌসুমে করলার ফলন ভালো হয়েছে। বাজারে চাহিদা থাকায় কৃষকেরা দামও পাচ্ছেন ভালো। কৃষকদের সার্বিক সহযোগিতা অব্যাহত রয়েছে।" তিনি জানান, এ বছর জেলায় প্রায় ৮৯৩ হেক্টর জমিতে বারি করলা-৩, হাইব্রিড টিয়া, বুলবুলি ও অন্যান্য হাইব্রিড জাতের করলার আবাদ হয়েছে। কৃষকেরা বলছেন, করলার এই বাম্পার ফলন অন্য ফসলে হওয়া লোকশান পুশিয়ে যাবে।

## আইএসপিআর

(প্রথম পৃষ্টার পর)

সদস্যদের দেশের প্রচলিত আইন অনুযায়ী মোতায়েন এবং এর বিভি-ন্ন চ্যালেঞ্জগুলো উপস্থাপিত হয়। আলোচনায় ইন এইড টু সিভিল পাওয়ারের জন্য প্রযোজ্য বাংলাদেশ দণ্ডবিধি সিআরপিসি১২৭-১৩২ ধারা, বর্তমানে সেনাবাহিনীকে প্রদত্ত 'ম্যাজিস্ট্রেসি ক্ষমতা' আরোপের মাধ্যমে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে মাঠ পর্যায়ের বিভিন্ন দিক আলোকপাত করা হয়। আইনগত, প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রদানের মাধ্যমে মাঠে নিয়োজিত সেনাদল কর্তৃক প্রযোজ্য আইনের ধারা সঠিকভাবে অনুধাবন করে পেশাদারিত্ব ও দক্ষতার সঙ্গে অর্পিত দায়িত্ব সঠিক ও সুচারুরূপে পালনে সক্ষম করাই ছিল এই আয়োজনের মূল উদ্দেশ্য। আইএসপিআর আরও জানায়, অনুষ্ঠানের এক পর্যায়ে ইন এইড টু সিভিল পাওয়ার-এ মাঠে নিয়োজিত সেনা সদস্যদের সিআরপিসি ১৩২-এ প্রদত্ত দায়মুক্তির বিষয়ে কথা ওঠে এবং সেনাপ্রধান আলোচনার অংশ হিসেবে সিআরপিসি ১৩২-এ প্রদত্ত দায়মুক্তি এবং ইন্টারন্যাশনাল ক্রাইম (ট্রাইব্যুনাল) ধারা ১৯৭৩ (সংশোধিত ২০২৪) এর সাথে এর সাংঘর্ষিক অবস্থান সম্পর্কে আলোকপাত করেন। সিআরপিসি'র অধীনে সরকারি আদেশে মাঠ পর্যায়ে দায়িত্ব পালনকারী সেনাসদস্যরা প্রদত্ত আইনি বিধান অনুসারে বেআইনি জনসমাগম ছত্রভঙ্গ করেন। অতএব, দায়িত্বরত এই সেনাসদস্যদের আইনগত সুরক্ষা নিশ্চিতের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। সেনাবাহিনীর পক্ষ থেকে বিষয়টি ইতোমধ্যে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

আইএসপিআর জানায়, আলোচনার কোনো পর্যায়েই সেনাপ্রধান গুম-খুন বা অন্যান্য মানবতা বিরোধী অপরাধে অভিযুক্ত কাউকে দায়মুক্তি দেওয়ার বিষয়ে কোনো কিছু উল্লেখ করেননি। কিন্তু একটি চিহ্নিত কুচক্রী মহল বিশেষ করে বিদেশে অবস্থানরত কিছু ব্যক্তি অসৎ ও হীন উদ্দেশ্যে বরাবরের মতো এবারও সামাজিক যোগাযোগ মাধ্যমে স্টাডি পিরিয়ডের বিষয়বস্তু ও সেনাপ্রধানের বক্তব্যকে বিকৃতভাবে উপস্থাপন করে বিভ্রান্তিকর পোস্ট দিচ্ছেন। এর মাধ্যমে তারা দেশপ্রেমিক সেনাবাহিনীর সঙ্গে জনগণের মধ্যে দূরত্ব সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছেন। বাংলাদেশ সেনাবাহিনী সর্বদা সংবিধান, রাষ্ট্রের আইন ও জনগণের প্রতি দায়বদ্ধ থেকে পেশাদারিত্ব ও শৃঙ্খলার সঙ্গে দায়িত্ব পালন করে আসছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত রাখবে। একটি অসাধু ও কুচক্রী মহল সামাজিক যোগাযোগ মাধ্যমে সেনাবাহিনী প্রধানের বক্তব্য বিকৃত করে যে মিথ্যা ও বিভ্রান্তিকর প্রচারণা চালাচ্ছে, তা সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত ও ভিত্তিহীন। এমতাবস্থায়, এ ধরনের বিভ্রান্তিকর ও অসত্য তথ্যের প্রতি সতর্ক থাকার জন্য জনসাধারণকে বিনীতভাবে অনুরোধ জানানো হচ্ছে।

## মেহেরপুরে শিশু-কিশোর টাইফয়েড

(প্রথম পৃষ্টার পর)

ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের যৌথ উদ্যোগে এবং ইউনিসেফ বাংলাদেশের সহযোগিতায় এই কর্মশালায় অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আব্দুল ছালাম। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক তারেক মোহাম্মদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন এবং ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক একেএম সিরাজুম মুনির। এসময় বক্তারা বলেন, শিশু ও কিশোরদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে টাইফয়েড প্রতিরোধে টিকা অত্যন্ত কার্যকর ও সময়োপযোগী উদ্যোগ। জনসচেতনতা বৃদ্ধি ও সঠিক তথ্য প্রচারের ক্ষেত্রে সাংবাদিকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আগামী ১২ অক্টোবর থেকে দেশব্যাপী টাইফয়েড টিকাদান কর্মসূচি শুরু হবে। এতে ৯ মাস থেকে ১৫ বছর বয়সী শিশুদের এক ডোজ করে টিকা দেওয়া হবে। মেহেরপুরে প্রায় ১ লাখ ৬৭ হাজার শিশু এই কর্মসূচির আওতায় আসবে। এই টিকা টাইফয়েড প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কর্মশালায় মেহেরপুর জেলার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন।

## গাংনীতে শিশু নির্যা অভিযোগ

(প্রথম পৃষ্টার পর)

জোরপূর্বক যৌন নির্যাতন ( ধর্ষন) করে । পরে ওই শিশুর তার বাবা-মাকে জানালে বিষয়টি জানাজানি হয়। বিষয়টি জানা জানি হলে গ্রাম্য শালিশ বসে। গ্রাম্য সালিশের মাধ্যমে জোরপূর্বক ১ লাখ ২৫ হাজার টাকা দিয়ে যৌন নির্যাতন কারি আব্দুল আব্দুল বাকী মালিথা বিষয়টি মিমাংসা করতে চান। নির্যাতিত শিশুটির বাবা এতে সম্মত না হয়ে আইনের আশ্রায় নেবার কথা বলে। এতে আব্দুল আব্দুল বাকী মালিথা ও তার লোক জন ক্ষিপ্ত হয়ে

ঐ শিশুর পরিবারকে গৃহবন্দী করে । পরে গ্রামের কিছু লোক সোমবার সাংবাদিকদের জানালে সাংবাদিকরা গাংনী থানায় খবর দিলে গাংনী থানা পুলিশ ঘটনা স্থলে পৌছে গৃহবন্দি এ পরিবারকে উদ্ধার করে ও আব্দুল বাকি মালিথ কে আটক করে গাংনী থানায় নিয়ে আসে। গাংনী থানার ওসি বানী ইসরাইল জানান, ওই শিশুর পরিবার থেকে ধর্ষণের মামলা প্রক্রিয়াধীন রয়েছে।



রাবেয়া বসরী অন্তরা

## ডেঙ্গুর দমন অভিযানে মেহেরপুরের অগ্রগতি: এখনই সময় সচেতনতার

ডেঙ্গু এখন আর শুধু ঢাকা বা কোনো বড়ো শহরেই সমস্যা নয়, গ্রাম ও ছোট শহরেও দ্রুত ছড়িয়ে পড়েছে। এই তো ২০২৫ সালের সেপ্টেম্বর মাসেই সারা দেশে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা আশঙ্কাজনক ভাবে বৃদ্ধি পেয়েছে। প্রতিদিনই দেখা যাচ্ছে যে ডেঙ্গু রোগীরা মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, গাংনী ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সহ বিভিন্ন ক্লিনিকে ভর্তি হচ্ছেন। এমতাবস্থায় মেহেরপুর জেলা প্রশাসন ও সিভিল সার্জন কার্যালয় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। বর্তমানে তাই এখন চিকিৎসার জন্য প্রয়োজনীয় কিট ও আলাদা ডেঙ্গু বিশেষ ওয়ার্ড চালু করা হয়েছে। আবার ডেঙ্গু রোগীদের জন্য আলাদা শয্যা, প্রাথমিক পর্যায়ে চিকিৎসা এবং দ্রুত রক্ত পরীক্ষা করার ব্যবস্থাও করা হয়েছে। আগে অনেক ক্ষেত্রেই দেখা যেত যে, ডেঙ্গু রোগের উপসর্গ দেখা দিলে বেশিরভাগ সময় মানুষকে কুষ্টিয়া বা খুলনায় গিয়ে পরীক্ষা করাতে হতো। যেখানে এতে করে একদিকে যেমন সময় নষ্ট হতো ঠিক তেমনি অতিরিক্ত খরচও হতো। তাই এখন মেহেরপুরে চিকিৎসা ক্ষেত্রে নেয়া এই পদক্ষেপ মানুষের মধ্যে অনেকটা সস্থি এনে দেবে বলে আশা করা যায়। অন্যদিকে চিকিৎসকদের মতে , যদি ডেঙ্গু রোগ দ্রুত শনাক্ত করা যায় তাহলে রোগীর জটিলতা অনেকাংশেই কমানো সম্ভব হবে। তাই বলে শুধুমাত্র আলাদা ও বিশেষ ওয়ার্ড স্থাপন করলেই কিন্তু সমাধান হয়ে যাচ্ছেনা সবকিছুর। কারণ সচেতনতা বাড়ানোও কিন্তু এক্ষেত্রে খুবই জরুরি। যদি এই শহরের সকল ড্রেন এবং চারপাশে জমে থাকা পানি পরিষ্কার না করা হয় তাহলে আবার মশা নিয়ন্ত্রণও সম্ভব নয়। এই সমস্যা সমাধানের জন্য প্রয়োজন মেহেরপুর পৌরসভা এবং স্থানীয় বাসিন্দাদের একসাথে, একতাবদ্ধ হয়ে কাজ করা।

এই নতুন চিকিৎসা ক্ষেত্রে নেয়া উদ্যোগ মেহেরপুরের স্বাস্থ্যসেবায় এক নতুন দিগন্তের সূচনা করেছে । তাই বলা যেতে পারে যে মেহেরপুরে এই ধরনের একটি বিশেষ ওয়ার্ড চালু করা, অন্যান্য জেলাগুলোকেও অনুপ্রাণিত করার মাধ্যম হতে পারে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

## জীবন আল্লাহর মহান আমানত, আত্মহত্যা মহাপাপ

মুহাম্মদ আল আমিন

জীবন কেবল একটি নিয়ামত নয়, এটি আল্লাহ তায়ালার অমূল্য আমানত। মানুষ নিজের দেহ, মন ও সময়ের প্রকৃত মালিক নয়; বরং সে কেবল একজন রক্ষক। কোরআনে আল্লাহ তায়ালা বলেন, "অতঃপর সে দিন তোমাদেরকে নিয়ামতরাজি সম্পর্কে জিজ্ঞেস করা হবে" (সূরা তাকাসুর, আয়াত ৮)। আবার তিনি ঘোষণা করেন, "আমি জিন ও মানুষকে কেবল এজন্যই সৃষ্টি করেছি যে, তারা আমার ইবাদত করবে" (সূরা আয-যারিয়াত, আয়াত ৫৬)। অর্থাৎ, জীবনের প্রকৃত উদ্দেশ্য ইবাদত, আনুগত্য ও আল্লাহর বিধান মানা, এই না যে মানুষ নিজের ইচ্ছামতো চলবে। কোরআন আমাদের জানায়, জীবন একটি পরীক্ষা। কখনো ভয়-ভীতি, কখনো ক্ষুধা বা জান-মালের ক্ষয়ক্ষতির মাধ্যমে মানুষকে পরখ করা হয়। আল্লাহ তায়ালা বলেন, "সুসংবাদ শোনাও তাদেরকে, যারা সবরের পরিচয় দেয়" (সূরা বাকারা, আয়াত ১৫৫)। আবার আশ্বাস দিয়েছেন, "নিশ্চয়ই কষ্টের সঙ্গে রয়েছে স্বস্তি" (সূরা ইনশিরাহ, আয়াত ৬)। তাই দুঃখ ও ব্যর্থতার মুহূর্তেও ধৈর্য, আত্মসংযম এবং আল্লাহর উপর পূর্ণ ভরসা রাখাই মুমিনের মূল করণীয়। আত্মহত্যা ইসলামে কঠোরভাবে নিষিদ্ধ। আল্লাহ তায়ালা বলেন, "তোমরা নিজেদের কাউকে হত্যা করো না। নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি দয়ালু" (সূরা নিসা, আয়াত ২৯)। রাসুলুল্লাহ (সা.) সতর্ক করে বলেছেন যে ব্যক্তি আত্মহত্যা করে, সে জাহান্নামে সেই পদ্ধতিতেই শাস্তি পেতে থাকবে (সহিহ বুখারি, হাদিস নং ৫৪৪২)। যদিও আত্মহত্যা মহাপাপ, তবু একজন ঈমানদার ব্যক্তি চিরস্থায়ী জাহান্নামী হয় না; আল্লাহ চাইলে তাঁর রহমতে তাঁকে ক্ষমা করে দিতে পারেন। অতএব, জীবনকে অবহেলা নয় বরং মর্যাদা ও দায়িত্ববোধের সঙ্গে বাঁচাতে হবে। পরীক্ষার মুহূর্তে হতাশা নয়, ধৈর্য ও দোয়া অবলম্বন করতে হবে। আল্লাহ তায়ালার প্রতি আস্থা ও আত্মসমর্পণই দুঃখের অন্ধকারে আশার আলো জ্বালাতে পারে।

## মেহেরপুরে বিশ্ব বসতি দিবস

(প্রথম পৃষ্টার পর)

প্রশাসক শিক্ষা ও আইসিটি পার্থ প্রতিম শীল, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস,এম রফিকুল হাসান এবং সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম। বক্তারা বসতি উন্নয়ন ও নগর পরিকল্পনার গুরুত্বের উপর আলোকপাত করেন ।এর আগে সকালেই জেলা প্রশাসক তরিকুল ইসলামের নেতৃত্বে একটি র‌্যালি অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন চত্বর থেকে শুরু হওয়া র‌্যালিটি প্রধান সড়ক ঘুরে আবার একই স্থানে এসে শেষ হয়। র‌্যালিতে সরকারি কর্মকর্তা, স্থানীয় জনগণ ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি নগরবাসীর মধ্যে পরিবেশ ও বসতি সচেতনতা বৃদ্ধির লক্ষ্য নিয়ে পরিচালিত হয়।

## চুয়াডাঙ্গায় অজ্ঞাত এক নারীর মরদেহ

(প্রথম পৃষ্টার পর)

য়রা কেউ বলতে পারছে না। পরিচয় শনাক্তে ঝিনাইদহ পুলিশ ব্যুরো অফ ইনভেস্টিগেশন সদস্যরা কাজ শুরু করেছে।

## সাবেক মেয়রের মামলায় চারজনের

(প্রথম পৃষ্টার পর)

অনুযায়ী, ২০০৭ সালে মোঃ মহব্বত সাবেক মেয়রের বিরুদ্ধে মামলা দায়ের করেছিলেন, যা বর্তমানে খুলনা দ্রুত বিচার ট্রাইব্যুনালে বিচারাধীন। চার্জ গঠনের তারিখ নির্ধারিত আছে আগামী ১৪ অক্টোবর। জামিনপ্রার্থীরা অভিযোগ করেছেন, সাবেক মেয়র হয়রানি করতে মিথ্যা মামলা দায়ের করেছেন। এজাহারে উল্লেখ রয়েছে, গত ২ জুন জেলা জজ আদালত থেকে ফেরার পথে অভিযুক্তরা পথরোধ করে ২ লাখ ৫০ হাজার টাকা চাঁদা দাবি করেছিল। চাঁদা না দিলে হত্যার হুমকি দেওয়া হয় এবং ৬ জুলাই শহরে অপমানজনক পোস্টার সাঁটানো হয়। সিসিটিভি ফুটেজে পোস্টার সাঁটানো দৃশ্য ধরা পড়ে এবং অভিযুক্তরা নির্দেশমতো কাজ করার স্বীকার করেছে।

## নারী উদ্যোক্তা প্রশিক্ষণ ভাতা বিতরণ

(প্রথম পৃষ্টার পর)

চতুর্থ ব্যাচ এবং বিজনেস ম্যানেজমেন্ট ও ই-কমার্সের তৃতীয় থেকে অষ্টম ব্যাচের প্রশিক্ষকরা এতে উপকৃত হন। সোমবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও জাতীয় মহিলা সংস্থা মেহেরপুরের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠান সম্পন্ন হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৩৫০ জন প্রশিক্ষণার্থীর মধ্যে মোট ৩২ লাখ ৫০ হাজার ২শ টাকা চেক বিতরণ করেন। অনুষ্ঠানে জাতীয় মহিলা সংস্থা মেহেরপুর জেলা কর্মকর্তা মোঃ হাফিজুর রহমান ও প্রশিক্ষণ কর্মকর্তা মিলন হোসেনসহ অন্যান্য কর্মকর্তারা বক্তব্য রাখেন। এই উদ্যোগ নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন ও উদ্যোক্তা দক্ষতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার

(প্রথম পৃষ্টার পর)

সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা প্রশাসক ড. মোগাম্মদ আবদুল ছালাম। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী। স্বাগত বক্তব্য দেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব হোসেন। এছাড়াও বক্তব্য রাখেন সারা তামান্না রোজা ও সামিয়া রেজা। অনুষ্ঠানের সমাপনী অংশে শিশু একাডেমির শিশু শিল্পীদের সমন্বয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে শিশুদের প্রতিভা ও সৃজনশীলতা প্রকাশ পায়।

## গাংনীতে গাঁজাসহ আটক-১

(প্রথম পৃষ্টার পর)

যায়,১৩৭/৭এস সীমান্তের বাংলাদেশের অভ্যন্তরের তিন কিলোমিটার দূরে দিয়ে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বিজেপির একটি শহর টিম আটক করে। আটকৃত বকুল হোসেন এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা পূর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

## এক বছরের কারাদণ্ড

(প্রথম পৃষ্টার পর)

পেতে তার ওপর ইটপাটকেল নিক্ষেপ করে। পরে ধারালো ও ভোতা অস্ত্র নিয়ে বাড়ির মধ্যে প্রবেশ করে, স্বামীসহ ১নং স্বাক্ষীকে খুনের চেষ্টা চালায়। তাদের হাতে থাকা ইট ও লোহার রড দিয়ে আঘাত করে গুরুতর জখমের ঘটনা ঘটে। বাদী ও তার মা বাধা দিতে গেলে তারা আহত হন।

## বারাদি ইউনিয়নে বিএনপির

(প্রথম পৃষ্টার পর)

হাসান। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নয় (বাকি তথ্য সূত্রে দেওয়া) বিএনপির সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল। বিশেষ অতিথিদের মাঝে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, ইলিয়াস হোসেন, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাড. এহান উদ্দিন মনা, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লেয়াকত আলী এবং জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মাহফুজুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ। দোয়া মাহফিল শেষে মহান লোকদের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং পরে উপস্থিত দলের নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলে স্থানীয় বিভিন্ন অঙ্গসংগঠনের কর্মীরাও অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রজেক্টরের মাধ্যমে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এক বিশেষ সাক্ষাৎকার প্রদর্শন করা হয়, যা উপস্থিত নেতাকর্মীরা দেখেন। প্রধান অতিথি অ্যাডভোকেট কামরুল হাসান তাঁর বক্তব্যে বলেন, "সতন্ত্র প্রতিক নিয়ে আপনাদের কাছে ভোট চাওয়া হলে যদি কেউ অসৎ ও অনৈতিক পথ অবলম্বন করে, তাহলেই তাঁকে ঘাড় ধাক্কা দিয়ে জুতার মালা দিয়ে বের করে দিতে হবে।" তিনি বলেন, দলের গৃহীত ৩১ দফায় ভোট, কৃষি, স্বাস্থ্য ও বিচার ব্যবস্থাসহ বিভিন্ন বিষয়ের কথা উল্লেখ করা হয়েছে এবং দাবি করেন আগামী ফেব্রুয়ারীতেই নির্বাচন অনুষ্ঠিত হওয়া উচিত। তিনি আরও বলেন, কোন স্বদেশী বা বিদেশী শক্তি এই দেশের নির্বাচন বন্ধ করতে পারবে না এবং নির্বাচনের আগে তারেক রহমান দেশে ফিরে এসে নেতৃত্ব দেবেন। কামরুল হাসান উপস্থিত নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, "যাকে ধানের শিষের প্রতিক দেওয়া হবে, তার পক্ষেই ভোট দিতে হবে। যদি আমাদের কাউকে না দিয়ে অন্য কাউকে ধানের শিষ দেওয়া হয়, তাহলে সেই প্রার্থীকে সমর্থন করতে হবে। আমরা যারা ক্ষমতার জন্য ধর্মকে ব্যবহার করে ভোট বিক্রি করতে চায়, তাদের ধর্ম ব্যবসায়ী মনে করি।"

অনুষ্ঠান শেষে নেতাকর্মীরা শান্তিপূর্ণভাবে মিছিল শেষ করেন এবং স্থানীয় নেতারা আগামী সময়ে আরও কর্মসূচি নিয়ে কাজ চালিয়ে যাওয়ার কথা জানান।

## অন্যের বাঁশবাগানের নিচে এক

(প্রথম পৃষ্টার পর)

যা আয় হতো, তা দিয়েই ছোট ভাইদের মানুষ করেছেন। নিজের চাওয়া-পাওয়া, নিজের ভবিষ্যৎ সব কিছুই ত্যাগ করেছিলেন পরিবারের জন্য। কিন্তু এখন শরীর আর চলে না। হাতের জোর কমেছে, পায়ের শক্তিও ক্ষয় হয়েছে। ছোট ভাইয়েরাড় যাদের মানুষ করতে নিজের জীবন উৎসর্গ করেছিলেনড় এখন কেউ খবর নেয় না। পিতার ভিটাতেও তার জায়গা হয়নি। বয়স এখন প্রায় সত্তর ছুঁই ছুঁই। নানা অসুখে জর্জর শরীর নিয়ে বেঁচে আছেন পরের জায়গায়, পরের দয়ার ওপর নির্ভর করে।

মুগলি খাতুনের চোখে এক অশেষ ক্লান্তি। তবু গলায় অনুযোগের চেয়ে বেশি মমতা। বললেন, "দীর্ঘদিন আমি একাই আছি। প্রায় পঞ্চাশ বছর আগে স্বামী মারা গেছে। একটি মেয়ে ছিল, সেও তিরিশ বছর আগে চলে গেছে। আজ প্রায় পনেরো বছর ধরে আসাদুলের জায়গায় আছি। যতটুকু কাজ করে জমিয়েছিলাম, সব দিয়েছি ভাইদের জন্য। এখন তাদের কাছে আমার কোনো জায়গা নেই।" বৃষ্টির দিনে তার ঘরের টিন থেকে টপটপ করে পানি পড়ে। কাঁথা ভিজে যায়, চুলোর আগুন নিভে যায়। তখন প্রতিবেশীরা যতটুকু পারেন, সাহায্যের হাত বাড়ান। "উনি খুবই অসহায়," বলেন এক প্রতিবেশী। "ঘরের টিন একেবারে পুরনো, বৃষ্টি হলেই পানি পড়ে। আমাদেরও তেমন কিছু নেই, তবু চেষ্টা করি পাশে দাঁড়াতে।" স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য ছানোয়ার হোসেন জানালেন, "আমরা যতটুকু পারি সাহায্য করি। বিধবা ভাতা করে দিয়েছি, কিন্তু তাতে কি চলে? তার নিজের জমি নেই, তাই ঘর দিতে পারছি না। আশ্রয় প্রকল্পে জায়গা আছে, কিন্তু উনি যেতে চান না।" মুগলি খাতুনের মতো মানুষদের গল্প শুধু সহানুভূতির নয়, এটি আমাদের সমাজের আয়না। যেখানে একসময় পরিবারের আশ্রয় হয়ে থাকা নারী বার্ধক্যে এসে হয়ে পড়েন অবহেলার প্রতীক। তবু আশা হারাননি তিনি। মুগলি খাতুন এক অদ্ভুত শান্ত মুখে হাসতে হাসতে বললেন, "আল্লাহ যতোদিন রাখেন, ততোদিন এই ঘরেই থাকব।" মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল জানান, "তিনি বিধবা ভাতা পাচ্ছেন। তবে অতিরিক্ত সহায়তা যেমন একক ঘর বা নগদ অর্থ দেওয়ার বিষয়টি আমরা বিবেচনা করছি। প্রশাসন সবসময় এই ধরনের অসহায় মানুষের পাশে থাকতে চায়।" অন্যের বাঁশবাগানের নিচে টিনের খুপড়ি ঘর। সেই ঘরে জীবনের শেষ প্রহর গুনছেন মুগলি খাতুন। হয়তো তাঁর আর কোনো স্বপ্ন নেইড় কেবল মাথার ওপর অটুট একটা ছাদই আজ তাঁর একমাত্র চাওয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।

**স্মারক নং- উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/১৯৩**

**সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল**

সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৫০২

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলো :

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১৯/২০/ ও ২১ অক্টোবর' ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কার্যালয়।
মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কার্যালয়।
২। মনোনয়নপত্র বাছায়ঃ ২৩/১০/২০২৫ (বিকাল ৪ টা)
স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর।
৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ২৫/১০/২০২৫। (বিকাল ৪টার মধ্যে)
স্থানঃ সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।
৪। নির্বাচনঃ ৫/১১/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
স্থানঃ সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রাঙ্গন।

মোঃ মনিরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর
ওপ্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫।
সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।

**স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/১৯১**

**রাধাকান্তপুর রাজাপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য তফসিল**

সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৭৩

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রাধাকান্তপুর রাজাপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলোঃ

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১২, ১৩ ও ১৪'অক্টোবর-২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
* মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, রাধাকান্তপুর রাজাপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
* মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, রাধাকান্তপুর রাজাপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
২। মনোনয়নপত্র বাছায়ঃ ১৬/১০/২০২৫ (বিকাল ৪ টা)
* স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর।
৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ১৯/১০/২০২৫। (বিকাল ৪টার মধ্যে)
* স্থানঃ রাধাকান্তপুর রাজাপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।
৪। নির্বাচনঃ ৩০/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
* স্থানঃ রাধাকান্তপুর রাজাপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গন।

মোঃ মনিরুজ্জামান
উপজেলা একাডেমিক সুপারভাইজার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর
ও
প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
রাধাকান্তপুর রাজাপুর মাধ্যমিক বিদ্যালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।

**স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/১৯২**

**গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল ঘোষণা**

**সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৫০১**

**এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলো।**

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১১,১২ ও ১৩ অক্টোবর' ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
* মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
* মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
২। মনোনয়নপত্র বাছায়ঃ ১৬/১০/২০২৫ (বিকাল ৪ টা)
* স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।
৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ১৮/১০/২০২৫। (বিকাল ৪টা)
স্থানঃ গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।
৪। নির্বাচনঃ ২৯/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
* স্থানঃ গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গন।

মোঃ মনিরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়।